



পঞ্চ হামিনার
উদ্যোগ
মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা।

টেলিফোন -
অফিস - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইল - ০১৭৬৯-৪০০০৪৬
ফ্যাক্স নং - ০৪৮৮-৬২০৫৮



ই মেইল-magurapbs.gm@yahoo.com

স্মারক নং-২৭.৪১৪৭.৫১০.০০১.০৩৮.২১. ২৬-২৪

তারিখঃ ২৭ শ্রাবণ '১৪২৮ বঙ্গাব্দঃ
১১ আগস্ট'২০২১ খ্রিঃ

বিষয়ঃ কোটেশন জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “ ব্যাগ ও ছাতা এবং রেইন কোট ” সরবরাহের কোটেশন আহবান ” প্রসঙ্গে।

নিম্নের বর্ণনা অনুযায়ী অত্র পবিসের দাপ্তরিক কাজের স্বার্থে “ ব্যাগ ও ছাতা এবং রেইন কোট ” সরবরাহের নিমিত্তে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পবিস নীতি নির্দেশিকা মোতাবেক বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	১০০১৩৬৬২৭/১	ব্যাগঃ উন্নত মানের কালো মোটা কমব্যাট কাপড়ের তৈরি। সাইজ ১০' x ১৬' চার চেইন বিশিষ্ট (প্রদর্শিত নমুনা মোতাবেক)।	১১৫টি		
		ফোল্ডিং ছাতাঃ- ছাতা উন্নত মানের কালো কাপড় ব্রান্ডঃ ১নং শংকর/রহমান অথবা সমমানের ছাতা (প্রদর্শিত নমুনা মোতাবেক)।	১২৫টি		
০২		রেইন কোটঃ- ডাবল পাট- উন্নতমানের বিদেশী ওয়াটার পুফ প্যারাসুট কাপড়ের তৈরি, সামনে চেইন ও বোতাম, শার্টে সংযুক্ত ক্যাপ থাকবে। রং নেভী -ব্লু (প্রদর্শিত নমুনা মোতাবেক)	৬৮সেট		
মোট=					

শর্তাবলীঃ-

- ০১। সীলমোহরকৃত কোটেশনসমূহ আগামী ১৮/০৮/২০২১ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এবং (২) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা এ রক্ষিত টেন্ডার বাক্সে সরাসরি/ব্যক্তিগতভাবে/প্রতিনিধির মাধ্যমে কোটেশন দাখিল করতে পারবেন। কোটেশনসমূহ একই তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় উপস্থিত কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, বাপবিবো, ঢাকা-১২২৯ এবং ০২। মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন কোটেশন গ্রহণ করা হবে না।
- ০২। দরপত্র দাখিলের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ফরওয়ার্ডিং এর মাধ্যমে সীলগালা ব্যবহার করে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সার্টিফিকেট, মূল্য সংযোজন কর ও ভ্যাট নিবন্ধন সনদ এবং ব্যাংক সলভেন্সি সনদপত্রসমূহের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ ব্যাগ ও ছাতা এবং রেইনকোট সরবরাহের কোটেশন ” কথাটি উল্লেখ করতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকুটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৪। প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) যে কোন দিন নমুনা সংগ্রহ করতে পারবেন।
- ০৫। কার্যদেশে নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত মালামাল নিজ খরচে নিজস্ব পরিবহন ব্যবস্থায় সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৬। বিল প্রদানের সময় সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও কর কর্তন করা হবে।
- ০৭। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৮। দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৯। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণ।
- ১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩(তিন)দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হইবে।

- ১১। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের মোট মূল্যের ১% এর $\frac{1}{১০}$ অংশ অংশ হিসাবে মালামালের মোট মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১২। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(স্বদেশী কুমার বোষ)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)

- ১। জেলা প্রশাসক, মাগুরা।
- ২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে কোটেশন গ্রহণের ব্যবস্থা রাখার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। পুলিশ সুপার, মাগুরা।
- ৪। নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/সওজ/পানি উন্নয়ন বোর্ড, মাগুরা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার মাগুরা সদর/শালিখা/শ্রীপুর/মহম্মদপুর।
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পবিস ১/২/৩/৪।
- ৮। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি) /আড়পাড়া /মহম্মদপুর জোনাল অফিস, মাগুরা পবিস।
- ৯। এজিএম অর্থ/ওএন্ডএম (সদর, আড়পাড়া, মহম্মদপুর, শ্রীপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ঝিনাইদহ।
- ১১। সহঃ জুনিঃ ইঞ্জিঃ (আইটি), মাগুরা পবিস। (সমিতির ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের জন্য)।
- ১২। মেসার্স----- ১৩। নোটিশ বোর্ড, মাগুরা পবিস। ১৪। অফিস কপি/মাস্টার কপি।

(স্বদেশী কুমার বোষ)
জেনারেল ম্যানেজার